# Times Today BD

তাহমিদ হাসান রাব্বি | ক্যাম্পাস | 18 June, 2025

ঈদুল আযহার ছুটির মধ্যেই জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের  বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ ও পুরাতন কলা অনুষদ ভবনের মাঝখানে পুকুরে স্থাপিত 'অঞ্জলি লহ মোর' ভাস্কর্যটি ভেঙে ফেলা হয়েছে।বিগত উপাচার্যের আমলে ২০২৪ সালের জানুয়ারিতে পুকুর সংস্কার  ও ভাস্কর্যটি নির্মাণ  করা হয়।কবি নজরুলের একটি গানের নাম অনুসারে এর নামকরণ করা হয়।

মঙ্গলবার সরজমিনে গিয়ে দেখা যায়, কয়েকজন শ্রমিক ভাস্কর্যটি অর্ধেকের বেশি ভেঙে ফেলেছেন।বিশ্ববিদ্যালয় প্রশাসনের নির্দেশেই ভাস্কর্যটি ভাঙ্গা হচ্ছে বলে জানেন তারা।

বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ সৌন্দর্যবর্ধনের জন্য ২০২৩ সালে চার কোটির বেশি ব্যয়ে কেন্দ্রীয় পুকুর সংস্কার কাজ শুরু হয়। এর অংশ হিসেবেই নির্মিত হয় 'অঞ্জলি লহ মোর' ভাস্কর্যটি। ৫ আগস্টের পর থেকে প্রশাসনের অভ্যন্তরে নানা মহল থেকে ভাস্কর্যটি নিয়ে আপত্তি জানানো হয়।

এ ব্যাপারে প্রশাসনের কেউই দায় নিতে নারাজ। বিশ্ববিদ্যালয়ের  রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. মিজানুর রহমানের কাছে জানতে চাইলে তিনি  বলেন, আমি বিষয়টি সম্পর্কে অবগত নই।প্রকৌশল বা পরিকল্পনা দপ্তর ভালো বলতে পারবে।

বিশ্ববিদ্যালয়ের  পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের পরিচালক মো. হাফিজুর রহমান গণমাধ্যমকে বলেছেন, 'বর্তমান প্রশাসন ভাস্কর্যটি গ্রহণ করেনি, তাই এটি ভাঙা হয়েছে। সিদ্ধান্ত এসেছে উপাচার্য স্যারের পক্ষ থেকেই। মূলত শিক্ষার্থীরাই প্রথমে আপত্তি জানিয়েছিল, ভাঙার চেষ্টা করেছিল ৫ আগস্টের পর।

এদিকে ভাস্কর্যটির ভাস্কর বিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী মনিন্দ্র পালের সাথে মুঠো ফোনের যোগাযোগ করলে তিনি জানান  ,ফেসবুকে ভাস্কর্যটি ভাঙার খবর দেখেছি এরপরে প্রশাসনের একাধিক ব্যক্তির সাথে যোগাযোগ করার চেষ্টা করেছি। কেউ কোন কারন ব্যাখ্যা করেনি। এই ভাস্কর্যের ৭ লক্ষ টাকা এখনো আমি বিশ্ববিদ্যালয়ের কাছে পাই।সেটিও পরিশোধ করেনি এখন পর্যন্ত।

ভাস্কর্য বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:33

URL: https://www.timestodaybd.com/public/campus/5000723465